

## এন.পি.সি.ডি.এস.

বন্দোপাধ্যায় ও সেন

ভারতবর্ষ অসংক্রামক রোগেরও রাজধানী হয়ে উঠেছে। হৃদরোগ, ডায়াবেটিস, ক্যানসার প্রমুখ ক্রমশ: উর্দ্ধমুখী। ১৯৯৫ সালে ভারতে যত মৃত্যু হয়েছে তার ৫৩% অসংক্রামক রোগে। এই সব দিক চিন্তা করে কেন্দ্র সরকার একাদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অত্যন্ত বৃহৎ, উচ্চাকাঙ্ক্ষী ও ব্যয়বহুল 'National Programme for Prevention and Control of Cancer, Diabetes, Cardiovascular Diseases and Strokes (NPCDCS)' জাতীয় স্বাস্থ্য কর্মসূচী গ্রহন করেছেন এবং তা পরিচালনার জন্য কেন্দ্রীয় স্বাস্থ্য ডিরেক্টরেটের অধীনে NCD Cell তৈরী করেছেন। প্রাথমিকভাবে ২১ টি রাজ্যের ১০০ টি জেলাকে চিহ্নিত করা হয়েছে যার মধ্যে দার্জিলিং, জলপাইগুড়ি ও দক্ষিণ দিনাজপুর উত্তরবঙ্গের তিনটি জেলা রয়েছে।

NPCDCS -র লক্ষ্য হচ্ছে এই রোগগুলির বোঝা কমিয়ে আনা এবং এই রোগগুলি থেকে মৃত্যু অথবা প্রতিবন্ধিতা রোধ করা। NPCDCS -র পরিকল্পনা (Strategy) হল:

- (ক) স্বভাব ও জীবনশৈলীর পরিবর্তন ঘটিয়ে প্রতিরোধ ও নিয়ন্ত্রণ।
  - (খ) দ্রুত রোগ নির্ণয় ও চিকিৎসা।
  - (গ) সমস্ত স্তরে এই রোগগুলির মোকাবিলা করার দক্ষতা তৈরী।
  - (ঘ) চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের আধুনিক প্রশিক্ষণ।
  - (ঙ) উপশম চিকিৎসা (Palliative Treatment) এবং পুনর্বাসন চিকিৎসার (Rehabilitative Treatment) ব্যবস্থা করা।
- NPCDCS -র কর্মপরিকল্পনা:
- (ক) উপস্বাস্থ্য কেন্দ্র স্তরে Digital sphygmomanometer ও Glucometer

-র সাহায্যে সন্দেহজনক রোগীদের রক্তচাপ ও রক্তের শর্করার মাত্রা নির্ধারণ করা, রোগীদের স্বাস্থ্যকেন্দ্রে রেফার করে চিকিৎসার ব্যবস্থা করা, সার্ভে চালিয়ে প্রকৃত চিত্রটি বুঝে নেওয়া এবং উর্দ্ধতন আধিকারিকদের রিপোর্ট দেওয়া।

(খ) প্রাথমিক ও ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে প্রেরণ করা রোগী গুলিকে এক্স রে, ই সি জি, প্যাথলজি-র প্রয়োজনীয় পরীক্ষা করা, চিকিৎসা করা (প্রয়োজনে ভর্তি করে), তাদের ফলো আপ করা এবং প্রয়োজনে বাড়ী গিয়ে দেখে আসা। প্রতি ব্লকে এর জন্য একজন করে চিকিৎসক নিয়োগ ও তার সহযোগী কর্মীর ব্যবস্থা করা।

(গ) জেলা হাসপাতালে একজন কার্ডিওয়েলজিস্ট ও অঙ্কোলজিস্ট নিয়োগ করা। সমস্তরকম পরীক্ষা নিরীক্ষা এবং উপশম ও পুনর্বাসন চিকিৎসার ব্যবস্থা করা। একটি ১০ শয্যার Intensive Therapeutic Unit (ITU) নির্মাণ।

(ঘ) জেলা স্তরে একজন NCD Consultant এবং সহযোগী কর্মী ও যন্ত্রপাতি নিয়ে একটি করে NCD Cell তৈরী করা।

(ঙ) জেলা স্তরে ব্যাপক স্বাস্থ্যশিক্ষা ও প্রচারের ব্যবস্থা করা।

স্বভাব ও জীবনশৈলীর পরিবর্তনের ক্ষেত্রে জোর দেওয়া হয়েছে:

- (ক) স্বাস্থ্যকর পরিমিত সুষম খাদ্যগ্রহণ।
- (খ) দৈনিক পরিশ্রম ও নিয়মিত ব্যায়াম।
- (গ) তামাক ও মদ বর্জন।
- (ঘ) মানসিক চাপ (stress) নিয়ন্ত্রণ।

• পৃথিবীর ইতিহাসে গত ১০০ বছরের মধ্যে সবচেয়ে বড় উল্কাপাত হল রাশিয়ার উরাল অঞ্চলের চোলিয়াবিনস্ক শহরের কাছাকাছি ১৫ ই ফেব্রুয়ারী '১৩। উল্কাটি ছিল ১৭ মিটার পুরু ১০ হাজার টন ওজনের।

• সরকারের আরও নির্দিষ্টভাবে বললে ইউপিএ সরকারের মূল কাণ্ডারী কংগ্রেস সভাপতি সনিয়া গান্ধীর 'ন্যাশানাল অ্যাডভান্সড হেলথ অ্যান্ড ফ্যামিলি ক্যাঙ্সার প্রিভেনশন প্রোগ্রাম' এর সদস্য অরুণা রায় সরকারের বলপূর্বক 'আধার নথিভুক্তিকরণের' বিরোধিতা করেছেন এবং সরকারের Direct Benefit Transfer (DBT) প্রকল্পকে ব্যর্থ ঘোষণা করেছেন।

• মহারাষ্ট্রের শক্তিদ্র কংগ্রেস-এন.পি.সি.ডি.এস. কর্মসূচির জন্য সমগ্র মারাঠাওয়াড়া এলাকা চিরন্তন ক্ষরা এলাকায় পরিণত হয়েছে। এক কলসি জলের জন্য জালনা প্রভৃতি এলাকায় বহু দূরে গিয়ে অনেকক্ষণ অপেক্ষা করতে হচ্ছে। জল সংগ্রহ নিয়ে বচসা ও সঙ্ঘর্ষ ঘটে চলেছে। অথচ বহুকোটি টাকা ব্যয়ে গোদাবরী নদীর উপর জয়াদকারি প্রকল্প, মুকানে ভান্ডারদারা ও নিলওয়ান্ডি বাঁধ, নাসিক ও আমেদনগর জেলাতেই ২২ টি মাঝারি বাঁধ কোন কাজে আসছে না। জালনা, আহমদনগর, বিদ, ওসামানাবাদ, ওরঙ্গাবাদ, প্রভৃতি জেলায় ব্যাপক জল সঙ্কটের সৃষ্টি হয়েছে যার ফলে পানীয় ও গৃহস্থালীর জলের অভাব সহ কৃষিকাজ ব্যাহত হচ্ছে।

• দিল্লী গণধর্ষণের সমসাময়িক কাঠমাণ্ডুর ত্রিভুবন আন্তর্জাতিক বিমানবন্দরে বিদেশে কর্মরত এক নেপালী যুবতীকে হেনস্থা ও ধর্ষণের প্রতিবাদে এবং দেশজুড়ে ক্রমবর্ধমান নারী নির্যাতনের প্রতিকারে গত কয়েকমাস ধরে বেশকিছু মহিলা ও স্বেচ্ছাসেবী সংগঠনের ধারাবাহিক বিক্ষোভে নেপাল পুনরায় উত্তাল হয়ে উঠেছে। বিক্ষোভকারীরা প্রধানমন্ত্রীর বাসভবন বালুওয়াটার দখলের ডাক দিয়েছেন।